



**বিষয়: লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ২০২০-২১ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন  
অগ্রগতি পর্যালোচনার লক্ষ্যে অনুষ্ঠিত এপিএ (APA) কমিটির সভার কার্যবিবরণী।**

লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ২০২০-২১ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে বিগত ২৪-০৩-২০২১ খ্রি: তারিখ বুধবার বেলা ১১.০০ ঘটিকায় লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের যুগ্মসচিব ও এপিএ টিম প্রধান জনাব মোঃ রফিকুল হাসানের সভাপতিত্বে তীর অফিসকক্ষে (কক্ষ নং ১১০৩, ১১ তলা, পরিবহন পুল ভবন, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত প্রতিনিধিদের উপস্থিতি পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত।


২. সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার আলোচ্যসূচি অনুযায়ী যাবতীয় বিষয়াদি উপস্থাপনের জন্য এপিএ কমিটির সদস্য সচিব জনাব সৌমেন পালিত বাবুকে আহ্বান জানান। এ পর্যায়ে তিনি সভাকে জানান যে, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ২০২০-২১ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে উল্লিখিত কার্যাবলীর বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনার জন্য এপিএ কমিটির সভা আহ্বান করা হয়েছে। উক্ত সভায় বিগত সভার সিদ্ধান্তসমূহ পর্যালোচনা করা হয়। পর্যালোচনায় দেখা যায় যে, এপিএ কমিটির বিগত সভার সিদ্ধান্তসমূহের মধ্যে (খ) নং সিদ্ধান্তটি সঠিক সময়ে করা যায়নি তবে বাকীগুলো ইতঃমধ্যে বাস্তবায়িত হয়েছে।

৩. সভায় সামগ্রিক আলোচনা এবং উপস্থিত সকলের ঐকমত্যের ভিত্তিতে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়, যথা:

**সিদ্ধান্তসমূহঃ**

- (ক) সচিব মহোদয়ের নেতৃত্বে নৈতিকতা কমিটির সভা আয়োজন করতে হবে।
- (খ) এ বিভাগের মাসিক সমন্বয় সভায় সচিব মহোদয়ের অনুমোদন গ্রহণ সাপেক্ষে এপ্রিল ১৫, ২০২১ খ্রি: এর মধ্যে এপিএ এর ৩য় ত্রৈমাসিক রিপোর্ট (প্রমাণকসহ) মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।
- (গ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর সূচক নং এম. ১ (১.৩) এ অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা/অংশীজনদের অবহিতকরণ সভা এপ্রিল এর ৩য় সপ্তাহে করতে হবে।
- (ঘ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর সূচক নং এম. ১ (১.৪) এ সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ সভা এপ্রিল এর ৪র্থ সপ্তাহে করতে হবে।
- (ঙ) ৩০ এপ্রিল, ২০২১ এর মধ্যে ২০২১-২২ অর্থ বছরের নতুন এপিএ কর্মপরিকল্পনা তৈরিপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগে খসড়া প্রেরণ করতে হবে।

৪. সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি মহোদয় সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(মো: রফিকুল হাসান)

যুগ্ম-সচিব

এবং

টিম প্রধান

এপিএ বাস্তবায়ন পরিবীক্ষণ ও সমন্বয় কমিটি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ  
কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়: APA কমিটির সভা।

সভাপতি: যুগ্ম-সচিব (টিম প্রধান), লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।

তারিখ ও সময়: ২৪ মার্চ, ২০২১ খ্রিস্টাব্দ, বুধবার, ১১:০০ ঘটিকা।

লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সংক্রান্ত কমিটির সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা।

ক্রমিক নং	নাম ও পদবী	মন্ত্রণালয়/বিভাগ	টেলিফোন নম্বর ও ই-মেইল	স্বাক্ষর
১।	শ্রী. ড. মুহাম্মদ হোসেন মুখ্য-সচিব	LPAD		
২।	শ্রী. মোঃ মুনতাহা উপসচিব		০১৯৪৬০১৬০৬	
৩।	শ্রী. মোঃ হুমায়ূন - জি.এ.সি.সি. - জি.এ.সি.সি. এন.এ.সি.সি.	LPAD	০১৭৫৭৭৭৫২১	
৪।	শ্রী. মোঃ মদনজিত হোসেন উপসচিব	LPAD	০১৭১১২৬৫১৫৭	
৫।				
৬।	শ্রী. মোঃ হোসেন মুন্সী সহকারী সচিব (সি.এ.সি.)	LPAD	০১৭১৬৬২৭৬৫৩	
৭।	শ্রী. মোঃ মাহবুবুল হক সহকারী সচিব (সি.এ.সি.)	LPAD	০১৬২৪১৩৩৭৩৩	
৮।	শ্রী. মোঃ আশিফ হুসেন সহকারী সচিব (সি.এ.সি.)	LPAD	০১৭২১১০৭২৩৫	
৯।	শ্রী. মোঃ সফাতুল হক সহকারী সচিব (সি.এ.সি.) সহকারী সচিব (সি.এ.সি.)	LPAD	০১৮১৫৩৭১৫৩৮	